

কোন প্রকারের পাসপোর্ট কারা পাবেনঃ

বর্তমানে ০৩(তিন) প্রকারের পাসপোর্ট ইস্যু করা হয়। নিম্নে তার বিবরণী প্রদত্ত হলোঃ

(ক) সাধারণ পাসপোর্টঃ বাংলাদেশী সকল নাগরিককে সাধারণ পাসপোর্ট প্রদান করা হয়।

(খ) অফিসিয়াল পাসপোর্টঃ সরকারি কাজে বিদেশগামী এবং বাংলাদেশী সকল সরকারি কর্মচারিকে অফিসিয়াল পাসপোর্ট প্রদান করা হয়।

(গ) কুটনৈতিক পাসপোর্টঃ কুটনৈতিক মিশনের সদস্য এবং অনুমোদিত সকল ব্যক্তিকে কুটনৈতিক পাসপোর্ট প্রদান করা হয়।

পাসপোর্ট প্রাপ্তি নিয়মাবলিঃ

| সেবার নাম | আবেদন ফরম ও প্রমান কাগজপত্র | ফি/চার্জ | প্রাপ্তির সময় (সম্ভাব্য) |
|---|---|---|--|
| মেশিন রিডেবল পাসপোর্ট ইস্যু (সাধারণ পাসপোর্ট) | ১) অনলাইন/হাতে পূরণকৃত পাসপোর্ট সাইজ রস্ট্রিন ছবিসহ; সত্যায়িত এমআরপি আবেদন ফরম-দুই সেট (ডি,আই,পি ফরম-১); ২) সত্যায়িত জাতীয় পরিচয়পত্র অথবা ডিজিটাল জন্ম নিবন্ধন সনদ দুই সেট; ৩) পাসপোর্ট ফিস জমা দানের মূল ব্যাংক রসিদ; ৪) মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/অধস্তন অফিস এবং স্বায়ত্বশাসিত সংস্থা/কর্পোরেশনে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত মূল অনাপত্তি সনদ (NOC) যা ইস্যুকারী কর্তৃপক্ষের ওয়েব সাইটে প্রদর্শন করতে হবে এবং এক সেট আবেদন ফর্ম (ডি. আই. পি ফরম-১); ও এক সেট সত্যায়িত জাতীয় পরিচয়পত্র অথবা ডিজিটাল জন্মনিবন্ধন সনদ দাখিল করতে হবে। | সাধারণ ফি ৩০০০ টাকা + ৪৫০ টাকা (১৫% ভ্যাট) = ৩৪৫০ টাকা জরুরী ফি ৬০০০ টাকা + ৯০০ টাকা (১৫% ভ্যাট) = ৬৯০০ টাকা বিঃ দ্রঃ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত অনাপত্তি সনদ (NOC) এর ভিত্তিতে সাধারণ ফি প্রযোজ্য। | সাধারণ-১৫ (পনের) কর্ম দিবস (অনুকূল পুলিশ তদন্ত প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে) জরুরী-৭ (সাত) কর্ম দিবস (অনুকূল পুলিশ প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে) |
| | রি-ইস্যু (সাধারণ পাসপোর্ট) ইতোপূর্বে মেশিন রিডেবল পাসপোর্ট থাকলে। | ১) হাতে পূরণকৃত রি-ইস্যু আবেদন ফর্ম-(ডি.আই.পি ফরম-২); ২) জাতীয় পরিচয়পত্র অথবা ডিজিটাল জন্ম নিবন্ধন সনদ-এক সেট; ৩) পূর্ববর্তী পাসপোর্টের ফটোকপি। মূল পাসপোর্ট অবশ্যই সাথে আনতে হবে; ৪) পাসপোর্ট ফিস জমা দানের মূল ব্যাংক রসিদ; বিঃ দ্রঃ পূর্ববর্তী পাসপোর্টে প্রদর্শিত নাম/পিতা অথবা মাতার নাম/ স্থায়ী ঠিকানা পরিবর্তন হলে এক সেট এমআরপি (ডি.আই.পি ফরম -১) ফর্ম দাখিল করতে হবে। এছাড়া পরিবর্তিত তথ্য প্রমাণের জন্য সংশোধিত ডিজিটাল জন্ম নিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্র এর সত্যায়িত ফটোকপি এবং পি.এস.সি/জে.এস.সি/এস.এস.সি/এইচ.এস.সি সনদ এর সত্যায়িত ফটোকপি/প্রথম শ্রেণীর ম্যাজিষ্ট্রেট এর এফিডেভিট (হলফনামা) দাখিল করতে হবে। | ফি ৩০০০ টাকা + ৪৫০ টাকা (১৫% ভ্যাট) = ৩৪৫০ টাকা এবং মেয়াদ উত্তীর্ণ হলে নবায়ন ফি, প্রতি বছরের জন্য ৩০০ টাকা + ৪৫ টাকা (১৫% ভ্যাট)=৩৪৫ টাকা। ফি ৬০০০ টাকা + ভ্যাট ৯০০ টাকা (১৫% ভ্যাট) = ৬৯০০ টাকা এবং মেয়াদ উত্তীর্ণ হলে নবায়ন ফি, প্রতি বছরের জন্য ৩০০ টাকা + ৪৫ টাকা (১৫% ভ্যাট)=৩৪৫ টাকা। |
| মেশিন রিডেবল পাসপোর্ট - অফিসিয়াল পাসপোর্ট | ১) অন লাইনে/হাতে পূরণকৃত পাসপোর্ট সাইজ রস্ট্রিন ছবিসহ সত্যায়িত এমআরপি আবেদন ফর্ম-এক সেট(ডি.আই.পি. ফরম-১); ২) সত্যায়িত জাতীয় পরিচয়পত্র অথবা ডিজিটাল জন্মনিবন্ধন সনদ; ৩) রাজস্ব খাতভুক্ত সরকারী কর্মকর্তা/কর্মচারী; স্বায়ত্বশাসিত সংস্থা/রাষ্ট্রায়ত্ত্ব কর্পোরেশন Ges বিশেষ আইন, অধ্যাদেশ/আদেশে প্রতিষ্ঠিত বিভিন্ন কমিশন/অথরিটির প্রাধিকারভুক্ত কর্মকর্তার অনুকূলে ইস্যুকৃত সরকারী আদেশ(GO) এর কপি ইস্যুকারী কর্তৃপক্ষের ওয়েব সাইটে প্রদর্শন করতে হবে; ৪) প্রযোজ্য ক্ষেত্রে পাসপোর্ট ফিস জমা দানের ব্যাংক রসিদ। | ১) সরকারী কাজে ইস্যু কৃত সরকারী আদেশ (GO) এর ক্ষেত্রে বিনামূল্যে; ২) চিকিৎসা, পবিত্র হজ্জ পালন এবং তীর্থস্থান ভ্রমণের ক্ষেত্রে সরকারী আদেশের (GO) ভিত্তিতে ফি ৩০০০ টাকা + ৪৫০ টাকা (১৫% ভ্যাট) = ৩৪৫০ টাকা। | জরুরী-০৭ (সাত) কর্ম দিবস (সম্ভাব্য সময়) |

| | | | |
|----------------------|---|------------------------------------|--|
| কুননৈতিক পাসপোর্ট | ১) অন লাইনে/হাতে পূরণকৃত পাসপোর্ট সাইজ রঞ্জন ছবিসহ সত্যায়িত এমআরপি আবেদন ফর্ম-এক সেট(ডি.আই.পি. ফরম-১) ২) সত্যায়িত জাতীয় পরিচয়পত্র অথবা ডিজিটাল জন্মনিবন্ধন সনদ ৩) কুননৈতিক পাসপোর্টের প্রাধিকার অনুযায়ী পররাষ্ট্র মন্ত্রণালয়ের সুপারিশ ৪) প্রযোজ্য ক্ষেত্রে পাসপোর্ট ফিস জমা দানের ব্যাংক রসিদ। | সরকারী আদেশ অনুযায়ী বিনামূল্যে | জরুরী-০৭ (সাত) কর্ম দিবস (সম্ভাব্য সময়) |
|----------------------|---|------------------------------------|--|